**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২১/২০১৭**

**ঢাকা, রোববার ২৯ জানুয়ারি ২০১৭, ১৬ মাঘ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রামপাল বিদ্যুৎকেন্দ্র পরিবেশবান্ধব : প্রধানমন্ত্রী

২। বিনিয়োগের অর্থের ব্যবহার নিশ্চিতে স্বচ্ছতা জরুরি : রাষ্ট্রপতি

৩। রাষ্ট্রপতি গঠিত সার্চ কমিটি নিরপেক্ষ: অর্থমন্ত্রী

৪। দিল্লীকে পাটপণ্যের ওপর অ্যান্টি-ডাম্পিং শুল্ক প্রত্যাহার করার দাবি বাণিজ্যমন্ত্রীর

৫। পুলিশ ও সাংবাদিকের মধ্যে অপ্রীতিকর ঘটনার বিচার হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৬। পিছিয়ে পড়া নৃ-গোষ্ঠীকে আইনগত সহায়তা দিন : প্রধান বিচারপতি

৭। বাংলাদেশিরা সবচেয়ে উজ্জীবিত ও অতিথিপরায়ণ : মার্কিন রাষ্ট্রদূত

৮। রাজনৈতিক দলগুলোর কাছে নামের তালিকা চেয়েছে সার্চ কমিটি

৯। বিনিয়োগ পরিবেশ উন্নয়নে ২০ কোটি ডলার দেবে আইএফসি

১০। বাংলাদেশ ব্যাংকের নতুন মুদ্রানীতি ঘোষণা আজ

চলমান পাতা/২

**১। রামপাল বিদ্যুৎকেন্দ্র পরিবেশবান্ধব : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, রামপাল বিদ্যুৎকেন্দ্র পরিবেশবান্ধব। যারা এ বিদ্যুৎকেন্দ্র নিয়ে বিরোধিতা করছে, খোঁজ নিলে দেখা যাবে তাদের অনেকেই রামপাল যায়নি। তারা মানুষের কথা ভাবছে না। কয়লাভিত্তিক এই বিদ্যুৎকেন্দ্র সুন্দরবনে নয়, রামপালেই হচ্ছে। এই বিদ্যুৎকেন্দ্রের ছাই সিমেন্ট কারখানাগুলো নিয়ে যাবে, এর চিমনি সবচেয়ে উঁচু করে নির্মাণ করা হবে। এর জন্য কয়লা আনা হবে কাভার্ড গাড়িতে যাতে পরিবেশের ক্ষতি না হয়। গতকাল ২৮ জানুয়ারি শনিবার ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন চট্টগ্রাম কেন্দ্রে, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন অব বাংলাদেশের (আইইবি) ৫৭তম কনভেনশনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক, জনকণ্ঠ, সমকাল, ইনকিলাব, সংবাদ, যুগান্তর, এশিয়ান এজসহ** অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২। বিনিয়োগের অর্থের ব্যবহার নিশ্চিতে স্বচ্ছতা জরুরি : রাষ্ট্রপতি**

দেশে বিনিয়োগের অর্থের পূর্ণ ব্যবহার নিশ্চিত করতে নিরীক্ষকদের আরও দায়িত্বশীল হওয়ার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। তিনি বলেছেন, জাতীয় অর্থনীতিতে সরকারি-বেসরকারি খাতে যে বিপুল পরিমাণ অর্থের বিনিয়োগ হচ্ছে, তার পরিপূর্ণ ব্যবহার নিশ্চিত করতে স্বচ্ছতা ও জবাবদিহিতা খুবই গুরুত্বপূর্ণ। তিনি আরো বলেন, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টরা তাদের প্রফেশনাল নীতি ও আদর্শের প্রতি অবিচল থেকে পাবলিক ও করপোরেট খাতে হিসাবের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে আরও দায়িত্বশীল ভূমিকা পালন করবেন-এ প্রত্যাশা করি। গতকাল ২৮ জানুয়ারি শনিবার রাজধানীর একটি হোটেলে সাউথ এশিয়ান ফেডারেশন অব অ্যাকাউন্ট্যান্টসের (সাফা) আঞ্চলিক সিএফও সম্মেলনে রাষ্ট্রপতি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯, ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ.ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩, ক.১)।

**৩। রাষ্ট্রপতি গঠিত সার্চ কমিটি নিরপেক্ষ: অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, রাষ্ট্রপতি গঠিত  নতুন নির্বাচন কমিশন গঠনের জন্য যে সার্চ কমিটি গঠন করা হয়েছে, তা অত্যন্ত নিরপেক্ষ। এ কমিটির সদস্যরা অত্যন্ত জ্ঞানী-গুণী ও ভালো লোক। অর্থমন্ত্রী বলেন, বর্তমান সরকার আগামী ১০ বছরের মধ্যে স্নাতক পর্যন্ত অবৈতনিক লেখাপড়ার সুযোগ করবেন। ২০২৪ সালের মধ্যে এ দেশের শিক্ষার হার শতভাগ নিশ্চিত হবে। পাকিস্তান আমাদের একটি দরিদ্র রাষ্ট্রে পরিণত করেছিন। তখন আমরা এক কোটি ১০ লাখ টন খাদ্য উৎপাদন করতাম। এখন আমরা তিন কোটি ৮২ লাখ টন খাদ্য উৎপাদন করি। অর্থমন্ত্রী গতকাল ২৮ জানুয়ারি শনিবার হবিগঞ্জের নবীগঞ্জ জে কে উচ্চ বিদ্যালয়ে শতবর্ষ পূর্তি অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১, ক.৪), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ,১০,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ,১৯,ক.৪)।

**৪। দিল্লীকে পাটপণ্যের ওপর অ্যান্টি-ডাম্পিং শুল্ক প্রত্যাহার করার দাবি বাণিজ্যমন্ত্রীর**

পাটপণ্য রফতানিতে অ্যান্টি-ডাম্পিং শুল্ক প্রত্যাহার করার জন্য ভারত সরকারকে অনুরোধ জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেছেন, প্রয়োজনে দুদেশের মধ্যে দ্রুত অফিসিয়াল আলোচনা শুরু করা যেতে পারে। ইন্ডিয়ান চেম্বার অভ্ কমার্স এবং ভারতের বাণিজ্য-শিল্প মন্ত্রণালয় আয়োজিত দুদিনব্যাপী পার্টনারশিপ সামিটের উদ্বোধন অনুষ্ঠানে যোগদানের জন্য বাণিজ্যমন্ত্রী এখন ভারতের অন্ধ্র প্রদেশের বিশাখাপত্তমে অবস্থান করছেন। সেখানে তিনি ভারতের বাণিজ্য ও শিল্পমন্ত্রী নির্মলা সিতারামানের সঙ্গে একান্ত বৈঠক করেছেন। বাণিজ্যমন্ত্রী বলেন, বাংলাদেশের পাট পণ্যের ওপর যে অ্যান্টি ডাম্পিং শুল্ক আরোপ করা হয়েছে , তাতে বাংলাদেশের পাটপণ্য রফতানির ক্ষেত্রে বিরূপ প্রভাব পড়ছে, এ শুল্ক প্রত্যাহার করা প্রয়োজন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **প্রথম আলো** (পৃ.১৩,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ,১২,ক.১)।

চলমান পাতা/৩

**৫। পুলিশ ও সাংবাদিকের মধ্যে অপ্রীতিকর ঘটনার বিচার হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, পুলিশ ও সাংবাদিকের মধ্যে ঘটে যাওয়া অপ্রীতিকর ঘটনার ভিডিও ফুটেজ পাওয়া গেছে। যাচাই-বাছাই করে অবশ্যই দায়ীদের বিচার করা হবে। গতকাল ২৮ জানুয়ারি শনিবার টাঙ্গাইলের সখীপুরে প্রয়াত সাংসদ শওকত মোমেন শাহজাহান স্মৃতি ফুটবল টুর্নামেন্টের উদ্বাধন অনুষ্ঠানের তিনি এসব কথা বলেন। পরে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সাংবাদিকদের সঙ্গে আমাদের সম্পর্ক অবিচ্ছেদ্য। সাংবাদিকদের সঙ্গে পুলিশেরও সুসম্পর্ক রয়েছে। ওই ঘটনার ভিডিও ফুটেজ পেয়েছি। ইতোমধ্যে যিনি ঘটনা ঘটিয়েছেন তাঁর বিরুদ্ধে ব্যবস্থাও নেওয়া হয়েছে। সাংবাদিক নির্যাতনের ঘটনায় তদন্ত কমিটি গঠন করা হয়েছে এবং ঘটনাটির তদন্ত চলছে বলেও তিনি জানান। সূত্র-**প্রথম আলো** (পৃ.৪,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **ইনকিলাব** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.২)।

**৬। পিছিয়ে পড়া নৃ-গোষ্ঠীকে আইনগত সহায়তা দিন : প্রধান বিচারপতি**

পিছিয়ে পড়া ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মানুষকে আইনগত সহায়তা দিতে আইনজীবীদের প্রতি আহ্বান জানিয়েছেন সুরেন্দ্র কুমার সিনহা। প্রধান বিচারপতি বলেন, প্রতিটি জেলার প্রখ্যাত আইনজীবীদের বদলে এখন দলীয় আইনজীবীরা সহকারী সরকারি কৌসুলি (এপিপি) হন। আগে প্রতিটি জেলায় প্রখ্যাত আইনজীবীরা ফৌজদারি মামলায় এপিপি হতেন। আগে প্রতিটি জেলায় এপিপি হিসেবে নিয়োগ পেতেন। এই নীতি বেশ কিছু সময় চলার পর এখন আর দেখা যাচ্ছে না। এখন এপিপি বলতে যে কোনো সরকারি দলের। যে-ই দল সরকারে থাকে, তাদের একটি প্যানেল লিস্ট করা হয়। এর বাইরে নিয়োগ দেয়া হয় না। গতকাল ২৮ জানুয়ারি শনিবার সকালে এক মতবিনিময় ও প্রকাশনার মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধান বিচারপতি এ কথা বলেন। সুপ্রিমকোর্ট লিগাল এইড কমিটি ও মানুষের জন্য ফাউন্ডেশন সুপ্রিম কোর্ট মিলনায়তনে এই অনুষ্ঠানের আয়োজন করে। সূত্র-**ইনকিলাব** (শেষ.পৃ, ক.২) **ইত্তেফাক** (পৃ,১,ক.৮), **প্রথম আলো** (শেষ পৃ,ক.৮), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৬), **অবজারভার** (পৃ,১,ক.৬)।

**৭। বাংলাদেশিরা সবচেয়ে উজ্জীবিত ও অতিথিপরায়ণ : মার্কিন রাষ্ট্রদূত**

আমার দেখা সবচেয়ে উজ্জীবিত, কৌতূহলী ও অতিথিপরায়ণ মানুষ হচ্ছে বাংলাদেশিরা। যুক্তরাষ্ট্র দূতাবাস নিশ্চিত করতে চায় যে, সেরা আমেরিকান ব্যক্তিরা যাতে সেরা বাংলাদেশি ব্যক্তিদের শেখানোর এবং তাদের থেকে শিখে নেওয়ার সুযোগ পায়। গতকাল ২৮ জানুয়ারি শনিবার দুপুরে সাভারের আশুলিয়ার দত্তপাড়ায় বেসরকারি ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ১৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন অনুষ্ঠানে যোগ দিয়ে প্রধান অতিথির বক্তব্যে ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মার্শা ব্লুম বার্নিকাট এ কথা বলেন। মার্কিন রাষ্ট্রদূত আরও বলেন, বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের শক্তিশালী সম্পর্কের একটি অন্যতম দিক হলো শিক্ষর জন্য আমাদের গভীর শ্রদ্ধা, শিক্ষাদানের প্রতি অঙ্গীকার ও শেখার জন্য উৎসাহ। উন্নত শিক্ষাই পারে একজন ব্যক্তির জীবনকে পরিবর্তন ও উন্নত করতে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৩)।

**৮। রাজনৈতিক দলগুলোর কাছে নামের তালিকা চেয়েছে সার্চ কমিটি**

নির্বাচন কমিশন গঠনে রাজনৈতিক দলগুলোর কাছ থেকে নামের তালিকা চেয়েছে রাষ্ট্রপতি গঠিত সার্চ কমিটি। প্রত্যেকদল তাদের পছন্দ অনুযায়ী ৫ জনের নামের তালিকা দিতে পারবে। আগামী ৩১ জানুয়ারি বেলা এগারোটার মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব (প্রশাসন ও বিধি) বরাবর এই নামের তালিকা পাঠাতে হবে। তবে রাষ্ট্রপতির সঙ্গে সংলাপে যে ৩১ রাজনৈতিক দল অংশ নিয়েছে তারাই কেবল এ তালিকা পাঠাতে পারবে। এছাড়াও সার্চ কমিটি আগামীকাল ৩০ জানুয়ারি সোমবার ১২ বিশিষ্ট ব্যক্তির মতামত নেওয়ার জন্য পুনরায় বৈঠকে মিলিত হবেন। গতকাল ২৮ জানুয়ারি শনিবার রাষ্ট্রপতি গঠিত সার্চ কমিটির প্রথম বৈঠকে এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। সুপ্রীমকোর্টের জাজেজ লাউঞ্জে নির্বাচন কমিশন গঠনে যোগ্য ব্যক্তিদের অনুসন্ধানে সার্চ কমিটির এই বৈঠক অনুষ্ঠিত হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৭), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬), **সংবাদ, প্রথম আলো, যুগান্তর, ভোরের কাগজ, ইনকিলাব, বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

চলমান পাতা/৪

**৯। বিনিয়োগ পরিবেশ উন্নয়নে ২০ কোটি ডলার দেবে আইএফসি**

বাংলাদেশে বিনিয়োগের পরিবেশ উন্নত করতে ছয় বছরে ২০ কোটি ডলারের কারিগরি সহায়তা দেবে বিশ্বব্যাংক গ্রুপের সহযোগী প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল ফাইন্যান্স করপোরেশন (আইএফসি)। এ লক্ষ্যে নবগঠিত বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছে প্রতিষ্ঠানটি। হবিগঞ্জের বাহুবল রিসোর্টে গতকাল ২৮ জানুয়ারি শনিবার বিডার এক কর্মশালায় এই চুক্তি স্বাক্ষরিত হয়। বিডা পরিচালক তৌহিদুর রহমান খান এবং আইএফসির প্র্যাকটিস ম্যানেজার ফর ট্রেড অ্যান্ড কম্পিটিটিভনেস এসপারেঞ্জা লাসাগাবাস্টার চুক্তিতে স্বাক্ষর করেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯, ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৩), **সংবাদ** (শেষ পৃ., ক.৪), **অবজারভার** (পৃ.১০,ক.১)।

**১০। বাংলাদেশ ব্যাংকের নতুন মুদ্রানীতি ঘোষণা আজ**

চলতি ২০১৬-১৭ অর্থবছরের শেষার্ধের (জানুয়ারি-জুন) জন্য বাংলাদেশ ব্যাংকের মুদ্রানীতি আজ ঘোষণা করা হবে। এজন্য বাংলাদেশ ব্যাংকের মূল ভবনের জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে। সকাল ১১টায় বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবির সংবাদ সম্মেলনের মাধ্যমে মুদ্রানীতি ঘোষণা করবেন। এটি এ গভর্নরের দ্বিতীয় মুদ্রানীতি ঘোষণা। বাজেটে ঘোষিত দেশজ উৎপাদনে প্রবৃদ্ধি ও মূল্যস্ফীতির লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে আর্থিক খাতের করণীয় নির্ধারণ করা হয় মুদ্রানীতির মাধ্যমে। চলতি অর্থবছরের প্রথমার্ধের জন্য (জুলাই-ডিসেম্বর) মুদ্রানীতি বাস্তবায়নের সময়সীমা ইতোমধ্যে শেষ হয়েছে। চলতি অর্থবছরের বাজেটে জিডিপি প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৭ দশমিক ২ শতাংশ। সরকার মূল্যস্ফীতির লক্ষ্যমাত্রা ধরেছে ৫ দশমিক ৬০ শতাংশ। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **ইনকিলাব** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.১৩, ক.১), **নিউ নেশন** (শেষ পৃ., ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১, ক.৩)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** মাদকবিরোধী কর্মতৎপরতার ব্যর্থতার পিছনের যেসব কারণ পুলিশ সুপারগণ শনাক্ত করেছেন তাকে আমলে নিয়ে জনগণের সার্বক্ষণিক সচেতনতাসহ সংশ্লিষ্ট মহলের যথাযথ ভূমিকা পালনের আহ্বান।

**খ.** **সংবাদ, সমকাল, ডেইলি স্টার :** ৫-৬ বছর বয়সী শিশুকে বাঁচিয়ে রেলের কর্মী বাদল মিয়া যে অনন্য মানবতার দৃষ্টান্ত স্থাপন করেছেন তাতে রাষ্ট্র ও সমাজকে তার অসহায় পরিবারের পাশে দাঁড়ানোর প্রত্যাশা।

**গ.** **জনকণ্ঠ :** ঢাকা ও চট্টগ্রাম শহরের প্রতিদিনের বারো হাজার মেট্রিকটনের বেশি বর্জ্য ব্যবস্থাপনার দ্বারা বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন করার ব্যবস্থা থাকার সুপারিশ।

**ঘ.** **প্রথম আলো, ইত্তেফাক, সমকাল, যায়যায়দিন, ইনডিপেনডেন্ট, ডেইলি সান :** গাইবান্ধার গণ-উন্নয়ন একাডেমি নামের মাধ্যমিক বিদ্যালয় আগুনে পুড়ে যাওয়ার ঘটনাটি দুর্ঘটনা না নাশকতা তা তদন্ত করে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়াসহ বিদ্যালয়টি দ্রুত মেরামত করে পাঠদান অব্যাহত রাখার আহ্বান।

**ঙ.** **যুগান্তর :** তুলা আমদানির ক্ষেত্রে বিদ্যমান সমস্যাগুলোর সমাধান জরুরি বলে অভিমত।

**চ.** **ডেইলি সান :** হুন্ডির পরিবর্তে ব্যাংকের মাধ্যমে প্রবাসীদের অর্থ পাঠাতে উৎসাহিত করতে রেমিট্যান্স হেন্ডেলিং ফি সংক্রান্ত নীতি পরিবর্তন করে প্রবাসীদের পরিবর্তে সরকারকে এ ফি প্রদানের ব্যবস্থা করার সুপারিশ।

**ছ.** **নিউজ টুডে :** ঢাকাসহ দেশব্যাপী সম্প্রতি টিনএজ গ্যাংস্টার বেড়ে যাওয়ায় এ ধরনের সামাজিক সমস্যা মোকাবিলায় শিক্ষা প্রতিষ্ঠানে সামাজিক মূল্যবোধ ও নৈতিক শিক্ষা সম্পর্কে শিক্ষা দেওয়ার ওপর গুরুত্বারোপ।

**জ.** **নিউ নেশন :** বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়ার এন্ড ইনফরমেশন সার্ভিস-এর সরকারের কাছে রপ্তানির ওপর ২০ শতাংশ নগদ প্রণোদনা প্রদানের দাবি বিবেচনায় নেওয়ার আহ্বান।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে বর্তমান রাজনৈতিক নেতা ও মন্ত্রিদের জনপ্রিয়তা সম্পর্কে একটি সুষ্ঠু জরিপ করে তার ফলাফল প্রকাশ করলে বর্তমান রাজনৈতিক অবস্থা সম্পর্কে একটি স্পষ্ট ধারণা পাওয়া যাবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'শারীরিক শিক্ষা কেন জরুরি?'** শিরোনামের নিবন্ধে সুধীর বরণ মাঝি বর্তমান প্রজন্মকে অপসংস্কৃতি ও মাদকের নেশার পথ থেকে দূরে রাখতে খেলাধুলার সঙ্গে সম্পৃক্ত করাতে হবে। সেজন্য শিক্ষা প্রতিষ্ঠানে শারীরিক শিক্ষার বিকল্প নেই বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা